৫০

(একই তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত হবে)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
ডিকেএমপি, অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.minland.gov.bd

নম্বর: ৩১.০০.০০০০.০৫৭.০৬.১৩৩.২৩.৫৮১

তারিখ: ০৩ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
১৮ জুলাই ২০২৩ খ্রিষ্টাব্দ

## অফিস আদেশ

২০২৬ সালের মধ্যে স্মার্ট ভূমিসেবার লক্ষ্যসমূহ অর্জনের লক্ষ্যে ভূমি মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থার চলমান ডিজিটাল ভূমিসেবাসহ আইসিটি ভিত্তিক উন্নয়ন প্রকল্পসমূহের কারিগরি কার্যক্রমের অগ্রগতি নিবিড় মনিটরিং ও বেগবান করার জন্য নিম্নবর্ণিত কমিটি গঠন করা হলো:

| | | |
|---|---|---|
| ১ | সচিব, ভূমি মন্ত্রণালয় | সভাপতি |
| ২ | উন্নয়ন, অনুবিভাগের সকল কর্মকর্তা, ভূমি মন্ত্রণালয় | সদস্য |
| ৩ | আইসিটি ভিত্তিক প্রকল্প পরিচালক (সকল), ভূমি মন্ত্রণালয় | সদস্য |
| ৪ | ডিজিটাল ভূমিসেবা সংশ্লিষ্ট বিভিন্ন অনুবিভাগের ফোকাল পারসন কর্মকর্তা (সকল), ভূমি মন্ত্রণালয় | সদস্য |
| ৫ | মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার সংশ্লিষ্ট প্রতিনিধি | সদস্য |
| ৬ | ভূমিসেবা পরামর্শক (সকল), অ্যালামস প্রোগ্রাম, ডিকেএমপি, ভূমি মন্ত্রণালয় | সদস্য |
| ৭ | সিস্টেম এনালিস্ট, ভূমি মন্ত্রণালয় | সদস্য |
| ৮ | আইসিটি ভিত্তিক প্রকল্পসমূহের সিস্টেম এনালিস্ট/সংশ্লিষ্ট কারিগরি বিশেষজ্ঞ | সদস্য |
| ৯ | ব্যবস্থাপনা পরিচালক/সিইও, ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্পের পিএমসি | সদস্য |
| ১০ | অতিরিক্ত সচিব/যুগ্মসচিব, ডিকেএমপি, ভূমি মন্ত্রণালয় | সদস্য সচিব |

০২। কমিটির কর্মপরিধি:

(১) ২০২৬ সালের মধ্যে স্মার্ট ভূমিসেবার সুনির্দিষ্ট লক্ষ্যসমূহ নির্ধারণসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।
(২) আইসিটিভিত্তিক প্রকল্পসমূহের সমাপ্তিতে কিভাবে অটোমেটেড ল্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড মানেজমেন্ট সিস্টেম (অ্যালামস) এর মাধ্যমে স্মার্ট ভূমিসেবা সংশ্লিষ্ট কাজগুলো বুঝে নেয়া হবে, সে বিষয়ে কর্মকৌশল নির্ধারণ করবে।
(৩) প্রতি সভায় স্মার্ট ভূমিসেবা সিস্টেমের সময়াবদ্ধ টার্গেট ওয়ারি অগ্রগতি পর্যালোচনা করবে।
(৪) কর্মপরিধি (ToR) এবং কারিগরি দলিল এর আলোকে সিস্টেম ডিভেলপার কর্তৃক সুনির্দিষ্ট কর্মকৌশল নেয়া হয়েছে কি না এবং তা বাস্তবায়ন করা হয়েছে কি না তা মূল্যায়ন করবে।
(৫) এ কারিগরি কমিটির সুপারিশ প্রাপ্তির পরই কেবল সংশ্লিষ্ট প্রকল্প অফিস চুক্তিপত্র মোতাবেক ভেন্ডরের দাখিলকৃত বিল পরিশোধের ব্যবস্থা গ্রহণ করবে।
(৬) ভূমিসেবা বিষয়ক যে কোন ধরণের প্রকাশনা ও প্রচারণার বিষয়ে ভেন্ডর প্রতিষ্ঠান এ কমিটির সুপারিশ গ্রহণ করবে।
(৭) এ কারিগরি কমিটি স্মার্ট/ডিজিটাল ভূমিসেবা সিস্টেম/প্রজেক্ট এর টীম লিডার, ডেভেলপার, প্রজেক্ট ম্যানেজার ও সংশ্লিষ্টদের নিয়ে নিয়মিত সভার আয়োজন করবে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো। যা অবিলম্বে কার্যকর হবে।

২৭.০৭.২০২৩

সেলিম আহমদ
উপসচিব
ফোন: ০২-২২৩৩৫৭
ই-মেইল: lsdmc1@minland.gov.bd

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। চেয়ারম্যান (সিনিয়র সচিব), ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা।
০২। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা।
০৩। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা।
০৪। অতিরিক্ত সচিব (সকল), ভূমি মন্ত্রণালয়।
০৫। যুগ্মসচিব (সকল) , ভূমি মন্ত্রণালয়।
০৬। পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, নীলক্ষেত বাবুপুরা, ঢাকা।
০৭। প্রকল্প পরিচালক, ভূমি ব্যবস্থাপনা অটোমেশন শীর্ষক প্রকল্প/ডিজিটাল পদ্ধতিতে ভূমি জরিপ করার জন্য ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের ডিজিটাল জরিপ পরিচালনার সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্প/মৌজা ও প্লট ভিত্তিক জাতীয় ডিজিটাল ভূমি জোনিং প্রকল্প/ডিজিটাল

পদ্ধতিতে ভূমি জরিপের মাধ্যমে ৩টি সিটি কর্পোরেশন, ১টি পৌরসভা এবং ২টি গ্রামীণ উপজেলার ডিজিটাল ভূমি ব্যবস্থাপনা পদ্ধতি স্থাপন প্রকল্প, ভূমি মন্ত্রণালয়।

০৮। জনাব মো: হান্নান মিয়া, ল্যান্ড পলিসি স্পেসালিস্ট, ডিকেএমপি, ভূমি মন্ত্রণালয়।
০৯। জনাব মো: কামরুল হাসান ফেরদৌস, ভূমিসেবা পরামর্শক-১, ডিকেএমপি, ভূমি মন্ত্রণালয়।
১০। জনাব মো: হামিদুর রহমান, ভূমিসেবা পরামর্শক-২, ডিকেএমপি, ভূমি মন্ত্রণালয়।
১১। উপসচিব (সকল), ভূমি মন্ত্রণালয়।
১২। মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩। সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৪। সিস্টেম এনালিস্ট, ভূমি মন্ত্রণালয় (ওয়েবসাইটে আপলোডকরণের অনুরোধসহ)।
১৫। হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব), ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা।
১৬। জনাব মো: এহসান উদ্দিন আহমেদ, ডাটা স্পেসালিস্ট, ডিকেএমপি, ভূমি মন্ত্রণালয়।
১৭। অফিস কপি।